



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/২৮০

তারিখঃ ২০/০২/২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪২০ তম কমিশন সভা অদ্য ২০/০২/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. সভায় আমরা টেকনোলজিস লিঃ এর ১০ টাকা মূল্যমানের ২,১৫,৭২,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি শেয়ার ১৪ টাকা প্রিমিয়ামসহ ২৪ টাকায় ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটি ৫১,৭৭,২৮,০০০/- টাকা পুঁজি উত্তোলন করে ব্যাংক থেকে গৃহীত ঋন পরিশোধ, ATM ও POS মেশিন ভাড়ার ভিত্তিতে সম্ভাব্য ক্রেতাকে/সরবরাহ করণ এবং প্রাথমিক গণ প্রস্তাব এর খরচ (ট্যাক্স খরচ সহ) খাতে ব্যয় করবে। আমরা টেকনোলজিস লিঃ এর ২০১০ সালের আর্থিক বিবরণী অনুযায়ী নেট এ্যাসেট ভ্যালু হচ্ছে ২৪.৮১ টাকা, শেয়ারের প্রতি আয় ২.৬১ টাকা। উল্লেখ্য, লংকাবাংলা ইনভেস্টমেন্টস লিঃ, আমরা টেকনোলজিস লিঃ এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে।
২. এছাড়াও সভায় কমিশন ঘোষিত মধ্য মেয়াদী পরিকল্পনার অংশ হিসাবে মার্চেন্ট ব্যাংকগুলির পরিশোধিত মূলধন বাড়ানোর জন্য সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ সংশোধনীর সিদ্ধান্ত গৃহীত হয়। প্রস্তাবিত সংশোধনীতে মার্চেন্ট ব্যাংকগুলি শুধু ইস্যু ব্যবস্থাপনার জন্য নূন্যতম পরিশোধিত মূলধন ১ কোটি থেকে বৃদ্ধি করে ২.৫০ কোটি টাকা, শুধু ইস্যু অবলেখন (Under writing) এর জন্য পরিশোধিত মূলধন ৫ কোটি থেকে বৃদ্ধি করে ১২.৫০ কোটি টাকা, শুধু পোর্টফোলিও ব্যবস্থাপনার জন্য পরিশোধিত মূলধন ৫ কোটি থেকে বৃদ্ধি করে ১২.৫০ কোটি টাকা এবং পূর্ণাঙ্গ মার্চেন্ট ব্যাংকের জন্য পরিশোধিত মূলধন ১০ কোটি থেকে বৃদ্ধি করে ২৫.০০ কোটি টাকায় উন্নীত করার সুপারিশ করা হয়েছে। যা জনমত জরিপ এর জন্য দৈনিক পত্রিকা ও কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। উল্লেখ্য, ইতোমধ্যে ইস্যু ব্যবস্থাপনা, ইস্যু অবলেখন, পোর্টফোলিও ব্যবস্থাপনা এবং পূর্ণাঙ্গ মার্চেন্ট ব্যাংকের সনদ প্রাপ্তদেরকে গেজেট প্রকাশের ১ বৎসরের মধ্যে পরিশোধিত মূলধনের উল্লেখিত শর্তাদি পূরণ করতে হবে।
৩. কমিশন, মিথুন নিটিং লিঃ কর্তৃক Toyo Composit Knit Garments Ltd. ও Pure Cotton Knit Wears Ltd. এই দুইটি কোম্পানীর অধীগ্রহণ এর বিষয়ে অনুমোদন দিয়েছে। এর মাধ্যমে মিথুন নিটিং লিঃ -কে অতিরিক্ত ৬৬,৬৬,৫৮০ টি নতুন শেয়ার ইস্যুর মাধ্যমে Capital Raising এর অনুমোদন দেয়া হয়েছে। উল্লেখ্য যে, মিথুন নিটিং লিঃ কর্তৃক নতুন ইস্যুকৃত ৬৬,৬৬,৫৮০ টি শেয়ার তিন বৎসরের জন্য লক-ইন থাকবে।
৪. সভায় ম্যাক এন্টারপ্রাইজ লিঃ কর্তৃক ২০১১ইং সনের প্রথম ত্রৈমাসিক হিসাব বিবরণী দাখিলে ব্যর্থতার জন্য কোম্পানীর প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা করে জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।


২০/০২/২০১২
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র